যুগান্তর

তারিখ 23 SEP 2005
পৃষ্ঠা ৬ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তে বরিশালে ৫ হাজার শিক্ষার্থী সঙ্কটে

রাহাত খান, বরিশাল ব্যুরো

জাতীয় বিশ্ববিদ্যালয়ের খেয়ালি সিদ্ধান্তের কারণে বরিশালে ৫ হাজার ছাত্রছাত্রীর শিক্ষাজীবন মারাত্মক সঙ্কটের মুখে পড়েছে। এ অবস্থায় উদ্বিগ্ন ওই সব শিক্ষার্থীরা তাদের অবস্থা জানাতে ছুটছে পত্রিকা অফিসগুলোতে। সংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষার্থীরা সম্মান পার্ট-১, পার্ট-২, আবশ্যিক ইংরেজি এবং সাবসিডিয়ারি পরীক্ষা সম্পন্ন করে। এদের মধ্যে আংশিক ছাত্রছাত্রী অকৃতকার্য হয়। পূর্ববর্তী নিয়ম অনুযায়ী একবার অকৃতকার্য হওয়া এবং মানোন্নয়নে ইচ্ছুক ছাত্রছাত্রী স্বাভাবিকভাবে পুনরায় ফরম ফিলাপের সুযোগ পেত। সে অনুযায়ী ২০০৪ সালের অনার্স পার্ট-৩ এর অকৃতকার্য এবং মানোন্নয়নে ইচ্ছুক ছাত্রছাত্রীরা আটঘাট বেঁধে প্রস্তুতিও সম্পন্ন করে। কিন্তু গত ১৪ সেপ্টেম্বর পত্রিকায় প্রকাশিত একটি বিজ্ঞপ্তি তাদের শিক্ষা জীবন অনিশ্চিত করে দিয়েছে। ওই বিজ্ঞপ্তি অনুযায়ী ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীরা ফরম ফিলাপ করতে পারবে না। কিন্তু ১৯৯৭ শিক্ষা বর্ষ ও এর আগের বছরগুলোতে এ ধরনের সুযোগ দেয়া হয়েছিল। বিএম কলেজ গণিত বিভাগের সম্মান পার্ট-৩ এর ছাত্র দেবাশীষ রায় জানান, গতকাল ২২ সেপ্টেম্বর থেকে নিয়মিত শিক্ষার্থীদের ফরম ফিলাপ শুরু হয়েছে এবং ২৫ সেপ্টেম্বর পর্যন্ত তা চলবে।